# বিএনপি জোটের প্রার্থীকে 'রোহিঙ্গা' বললেন রুমিন ফারহানা



সংগৃহীত ছবি

ব্রাহ্মণবাড়িয়া-২ আসনের স্বতন্ত্র সংসদ সদস্য প্রার্থী ও বিএনপি থেকে বহিষ্কৃত সাবেক সহ-আন্তর্জাতিক বিষয়ক সম্পাদক ব্যারিস্টার রুমিন ফারহানা এক বক্তব্যে বিএনপি নেতৃত্বাধীন জোটের প্রার্থীকে ইঙ্গিত করে 'রোহিঙ্গা' বলে অভিহিত করেছেন।

বৃহস্পতিবার (৮ জানুয়ারি) বিকেলে ব্রাহ্মণবাড়িয়ার সরাইল উপজেলার শাহবাজপুর এলাকায় স্থানীয়দের সঙ্গে মতবিনিময়ের সময় তিনি এ কথা বলেন। বক্তব্যে রুমিন ফারহানা দাবি করেন, অতীতে আওয়ামী লীগ সরকারের সময় সদর আসনের সংসদ সদস্য সরাইল-আশুগঞ্জ এলাকায় এসে প্রভাব বিস্তার করতেন। এখন একইভাবে বিএনপি জোট থেকে মনোনয়ন পাওয়া একজন বহিরাগত প্রার্থী সদর আসনের আরেক প্রার্থীর সঙ্গে নিয়ে এলাকায় ঘুরে বেড়াচ্ছেন বলেও অভিযোগ করেন তিনি। তবে সরাইল-আশুগঞ্জের ভোটাররা শেষ পর্যন্ত এলাকার সন্তানকেই বেছে নেবেন বলে মন্তব্য করেন রুমিন ফারহানা।

জানা গেছে, ব্রাহ্মণবাড়িয়া-২ আসন (সরাইল, আশুগঞ্জ এবং বিজয়নগরের দুটি ইউনিয়ন) থেকে বিএনপি নেতৃত্বাধীন জোটের মনোনয়ন পেয়েছেন জমিয়তে ওলামায়ে ইসলাম বাংলাদেশের সহসভাপতি জুনায়েদ আল হাবিব। তার হলফনামায় স্থায়ী ঠিকানা হিসেবে ব্রাহ্মণবাড়িয়া সদর উপজেলার অষ্টগ্রামের নাম উল্লেখ রয়েছে। বর্তমান ঠিকানা দেখানো হয়েছে ঢাকার সাভার উপজেলার বিরুলিয়া গ্রাম।

রাজনৈতিক সূত্রে আরও জানা যায়, জুনায়েদ আল হাবিব সম্প্রতি ব্রাহ্মণবাড়িয়া-৩ (সদর-বিজয়নগর) আসনের বিএনপি মনোনীত প্রার্থী ও কেন্দ্রীয় বিএনপির অর্থনৈতিক বিষয়ক সম্পাদক খালেদ হোসেন মাহবুব শ্যামলের সঙ্গে একাধিক রাজনৈতিক কর্মসূচিতে অংশ নিয়েছেন।